www.kolkata.diplo.de

# সহজে জার্মান ভাষা German Made Easy

## পাঠ ৩৫

## Lesson 35

অনেক বছর আগে আমরা এই পাঠক্রম সুরু করেছিলাম, বিশেষ করে সেই সব পাঠকদের জন্য, যাঁদের নিয়মিত ক্লাসে যাওয়ার সময় ছিল না, অথচ কিছুটা জার্মান ভাষা শিখে কাজ করতে বা উচ্চশিক্ষার জন্য জার্মানি যেতে হবে। আর কিছু পাঠক এই পাঠক্রমের সাহায্যে শখ করে জার্মান ভাষার সঙ্গে পরিচিত হবেন এই আশাও ছিল। এবারের পাঠটি দিয়ে আমরা আমাদের পাঠক্রম এখনকার মত শেষ করব।
Quite a few years ago we started this language course specially for those who have to go to a Germany either to work or for higher studies, but cannot attend any language course regularly. We also hoped a few more readers will be able to acquaint themselves with German through this course. With this lesson we are going to end this series for the time being.

গত পাঠে আমরা 'haven' এবং 'sein' এই দুটি ক্রিয়াপদের অতীত কালের রূপ ও ব্যবহার নিয়ে আলোচনা করেছি। এবারে বিষয় অন্যান্য ক্রিয়াপদের অতীতকালের কিরকম রূপ হবে।
In the last lesson you learnt how to use the verbs 'haven' and 'sein' in their past forms. In this lesson you will come to know the past forms of other verbs.

জার্মান ভাষায় অধিকাংশ ক্রিয়াপদের অতীত কালের জন্য সাধারণত ব্যবহৃত রূপটির নাম 'Perfekt' বা ইংরাজী ভাষায় 'Present perfect'। এই 'প্যারফেক্ট্' রূপটি গঠিত হয় সাধারণত 'haben' ক্রিয়াপদটির বর্তমানকালের রূপ (অবশ্যই কর্তৃকারক অনুসারে) ও তার সঙ্গে বাক্যের সর্বশেষে যোগ হবে মুখ্য ক্রিয়াপদের 'Partizip' (পার্টিটিপ্) রূপটি। কিছু ক্রিয়াপদের জন্য 'haben' এর পরিবর্তে 'sein' ক্রিয়াপদ ব্যবহার হয়।
In German for most of the verbs the 'present perfect' tense of the verb is used to indicate an action that took place in the past. The 'Perfekt' from of the verb consists of two parts : the verb 'haben' will be conjugated according to the subject and will occupy the 2nd position, and the participle (Partizip) form of the main verb will be placed at the end. For some special verbs the verb 'sein' will be used instead of 'haben' as the helping verb.

জার্মান ভাষায় ক্রিয়াপদগুলি মোটামুটি ২টি ভাগে ভাগ করা যায়।
German verbs are divided into two broad categories.
(1) **Schwach** [shvakh / শ্ভাখ্ weak ] : এই ক্রিয়াপদগুলির পার্টিটিপ রূপটি একটি নিয়মানুসারে গঠন হয় / 'Partizip' forms of these verbs follow a pattern
(2) **Stark** [shtark / স্টার্ক strong ] : এই ক্রিয়াপদগুলির পার্টিটিপ রূপটি কোনো বিশেষ নিয়মানুসারে হয় না / 'Partizip' forms of these verb donot follow any pattern

(1) 'Schwach' ক্রিয়াপদগুলির পার্টিটিপ গঠনের জন্য আমরা ক্রিয়াপদের মূল অংশটির আগে 'ge' ও শেষে 't' যোগে করি। উদাহরণ :
For the 'Partizip' form of the regular (weak) verbs, we add 'ge' in front of the root and 't' at the end. Example :

machen [to do / করা ] → ge + mach + t = gemacht (done)
spielen [to play / খেলা করা ] → ge + spiel + t = gespielt (played)
wohnen [to live / বাস করা ] → ge + wohn + t = gewohnt (lived)

Was haben Sie am Sonntag gemacht ? [literal translation : what have you done on Sunday / রবিবারে কি করলেন ]

(2) 'Stark' ক্রিয়াপদগুলির পার্টিটিপ গঠন করা হয় মূল ধাতুর প্রথমে 'ge' ও শেষে 'en' যোগ করে। উদাহরণ :
'Partizip' of stark verbs are formed by adding 'ge' in the front and 'en' at the end of the root. Example :

geben [to give / দেওয়া ] → hat gegeben (has given)
lesen [to read / পড়া ] → hat gelesen (has read)
কিন্তু / but schreiben [to write / লেখা ] → hat geschrieben (has written)
trinken [to drink / পান করা ] → hat getrunken (has drunk)

শেষ দুটি উদাহরণে দেখা গেল 'Partizip' form এ মূলধাতুর কিছু পরিবর্তন হচ্ছে।
In the last two examples one could see the vowels in the the root of the verb change in the 'Partizip' forms.

বহু ক্রিয়াপদের সুরুতে একটি উপসর্গ থাকে। এগুলির মধ্যে কিছু উপসর্গ বাক্যে ক্রিয়াপদ থেকে বিচ্ছিন্ন হয়ে বাক্যের একেবারে শেষে স্থান পায় – যেমন ab, an, ein, zu ইত্যাদি উপসর্গগুলি। আবার কিছু উপসর্গ যেমন be, er, ver ইত্যাদি ক্রিয়াপদ থেকে কখনই বিচ্ছিন্ন হয় না।
Many verbs have a prefix infront of the root of the verb. Some prefixes like ab, an, ein, zu etc. are separable, while some prefixes like be , er, ver, etc are inseperable.

পার্টিটিপ গঠনের সময় যে ক্রিয়াপদের উপসর্গ বিচ্ছিন্ন করা যায়, তাদের রূপটি হয় : উপসর্গ + ge + মূলধাতু + t. উদাহরণ :
While forming the 'Partizip', the separable prefix preceeds the prefix 'ge', like : prefix + ge + main verb + t. Example :

zumachen (zu-machen) [to close / বন্ধ করা ] → hat zugemacht [has closed / বন্ধ করা ]

যেসব উপসর্গ ক্রিয়াপদ থেকে বিচ্ছিন্ন করা যায় না, তাদের পার্টিটিপ, এই রকম হবে। উদাহরণ :
'Partizip' forms of verbs with inseperable prefixes would not take any 'ge' infront of the root, only 't' will be added at the end. Example :

besuchen [to visit / দেখা করা বা দেখতে যাওয়া ] → hat besucht (has visited)

স্বল্পসংখ্যক কয়েকটি ক্রিয়াপদ, যাদের শেষে 'ieren' শব্দাংশটি যুক্ত আছে, 'Partizip' form-টিতে ক্রিয়াপদের শেষে একটি 't' যোগ হবে। উদাহরণ :
For the few verbs that end with 'ieren' for the 'Partizip' form only a 't' will be added at the end. Example :

telefonieren [to phone / call টেলিফোন করা ] → hat telefoniert (has phoned / called)

## পাঠ ৩৫

## Lesson 35

reparieren [to repair / মেরামত করা ] → hat repariert (has repaired)
gratulieren [to congratulate / অভিনন্দন জানানো ] → hat gratuliert (has congratulated)

আরো এক ধরণের ক্রিয়াপদের কথা বলব যাদের ঠিক 'weak' বা 'strong' verb-এর অন্তর্গত বলা যায় না। এরা এক 'মিশ্র' ক্রিয়াপদ – অর্থাৎ 'Partizip' form-এ weak ও strong ক্রিয়াপদের লক্ষণগুলি কিছু পরিমাণে একসঙ্গে থাকে। উদাহরণ :
We would like to mention another group of verbs, which is neither fully 'weak' nor fully 'strong'— they share the characteristics of both the groups while forming the 'Partizip'. Example :

bringen [to bring / নিয়ে আসা ] → hat gebrachat (has brought)
denken [to think / চিন্তা, মনে করা ] → hat gedacht (has thought / remembered)

কিছু ক্রিয়াপদ 'Perfekt' tense গঠনের জন্য 'haben' ক্রিয়াপদটির পরিবর্তে 'sein' ক্রিয়াপদটির সাহায্য নেয়। এই ক্রিয়াপদগুলিকে তিনটি ভাগে ভাগ করা যায় :
Some verbs take the help of verb 'sein' instead of 'haben' for the 'Partizip' forms. These can be divided in three groups :

(1) যে ক্রিয়াপদগুলি গতি ও স্থান পরিবর্তন বোঝায় : Verbs indicating movement from one place to another :
fahren [to travel / ভ্রমণ করা ] → ist gefahren (has traveled)
gehen [to go / যাওয়া ] → ist gegangen (has gone)
fallen [to fall / পড়ে যাওয়া ] → ist gefallen (has fallen) ইত্যাদি / etc.

(2) যে ক্রিয়াপদগুলির অবস্থান পরিবর্তন সূচিত করে : Verbs indicating a change of state :
einschlafen [to fall asleep / ঘুমিয়ে পড়া ] → ist eingeschlafen (has fallen asleep)
aufstehen [to wake / get up / উঠে দাঁড়ানো বা জেগে ওঠা ] → ist aufgestanden (has woken / stood up)
werden [to become / হওয়া ] → ist geworden (has become)
sterben [to die / মৃত্যু হওয়া ] → ist gestorben (has died)

(3) দুটি ব্যতিক্রমী ক্রিয়াপদ যেগুলি উপরোক্ত কোনো দলের মধ্যেই পড়ে না– এরাও সহায়ক ক্রিয়াপদ হিসাবে 'sein' এর সাহায্য নেয় :
There are two more verbs which do not belong to either of the above mentioned groups, but they use the verb 'sein' as the accompanying verb, while forming the 'Perfekt'. These verbs are :
'sein' [to be / বর্তমান / উপস্থিত থাকা ] → ist gewesen (has been)
'bleiben' [to remain / থেকে যাওয়া / অবস্থান করা ] → ist geblieben (has remained)